কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৩-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

অর্থ বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.২৩১.০২০.০৩.০১.৪৭৭.২০১৩- 2008(60)     তারিখঃ ১৭/০৪/২০১৮খ্রিঃ

বিষয়ঃ-বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ০৩ এপ্রিল, ২০১৮ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(রুনা লায়লা)
মহাব্যবস্থাপক (অর্থ)চঃদাঃ
বিএডিসি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-**

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/ অর্থ/ ক্ষুদ্রসেচ/ বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

বিতরণ ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২. প্রধান (পরিকল্পনা/মনিটরিং), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।( প্রধান, মনিটরিং কে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৩. হিসাব নিয়ন্ত্রক / নিয়ন্ত্রক অডিট, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক(ক্রয়/তদন্ত/পাটবীজ/বীজ/ উদ্যান/এ এসসি/ সার ব্যবস্থাপনা),বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/ নির্মাণ/ সওকা), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৬. অতি মহাব্যবস্থাপক(খামার/ক: গ্রো:/বীপ্রস/বীজ বিতরণ/ আলু বীজ),বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৭. যুগ্মসচিব(সংস্থাপন/নিওক/সা:প:/ স ও ব্য),বিএডিসি, ঢাকা।
৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৯. অফিস কপি।

JC/Programmer
18.04.18

মনিটরিং বিভাগ
প্রাপ্তি নং ৪৭৮
তারিখ ১৮/০৪/১৮

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৩-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.badc.gov.bd

## ০৩ এপ্রিল, ২০১৮ তারিখে অনুষ্ঠিত বিএডিসি'র বাজেট ব্যবস্থাপনা কমিটির বিশেষ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | মো: নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ০৩ এপ্রিল, ২০১৮, সকাল ১০.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | বিএডিসি'র সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (অর্থ), জনাব বুনা লায়লা ২০১৭-১৮ অর্থ বছরে সংশোধিত বাজেটের আলোকে মোট রাজস্ব প্রাপ্তি ও ২০১৭-১৮ অর্থ বছরে রাজস্ব প্রাপ্তির অগ্রগতি পর্যালোচনা ও সংস্থার সরবরাহ ও সেবা খাতে ব্যয় নির্বাহের জন্য অর্থ সংস্থান করা প্রয়োজন উল্লেখ করে নিম্নরুপ আলোচ্যসূচি উপস্থাপন করেন।

০১। আলোচনাসমূহ :

**আলোচ্যসূচি-১.১: বিগত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত নং ২ এর নিয়োগ পরীক্ষার ফি বাড়ানোর সিদ্ধান্ত প্রত্যাহার করে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।**

**আলোচ্যসূচি-১.২: বিগত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:-**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ১ | আয়ের খাতগুলো চিহ্নিত করার জন্য সদস্য পরিচালক (অর্থ) কে আহবায়ক, সকল বিভাগীয় প্রধানকে সদস্য এবং মহাব্যবস্থাপক(অর্থ) কে সদস্য সচিব করে একটি আহবায়ক কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সদস্যগণ অবিলম্বে আয়ের খাতগুলো চিহ্নিত করে চেয়ারম্যান, বিএডিসি বরাবর একটি প্রতিবেদন পেশ করবে। | আয়ের খাতগুলো চিহ্নিত করে উপস্থাপনের নিমিত্ত বিভিন্ন বিভাগীয় প্রধানের উপস্থিতিতে বিগত ১৪ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে একটি এবং ২৫ সেপ্টেম্বর,২০১৭ খ্রি: তারিখে আরেকটি সভা অনুষ্ঠিত হয়। সভাদ্বয়ের সুপারিশের ভিত্তিতে তথ্যাদিসহ বিষয়টি বিগত ১২ নভেম্বর, ২০১৭ খ্রি: তারিখের বোর্ড সভায় উপস্থাপন করা হয়। বোর্ড সভার অনুমোদনের প্রেক্ষিতে সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং-৫৯১, তারিখ ৬ ডিসেম্বর,২০১৭ খ্রি: এর মাধ্যমে অফিস আদেশ জারী করা হয়েছে। |
| ২ | ডিলারদের লাইসেন্স নবায়ন ফি এবং নিয়োগ পরীক্ষার ফি বাড়িয়ে সংস্থার আয় বৃদ্ধি করতে হবে। | ডিলারদের লাইসেন্স ফি নবায়নের বিষয়ে সার ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয় যে, নবায়ন ফি ১,০০০/- টাকা হতে ২,০০০/- টাকায় উন্নীত করার বিষয়ে পর্ষদ সভায় অনুমোদনের জন্য ইতোমধ্যে কার্যপত্র প্রেরণ করা হয়েছে।<br><br>ঠিকাদারদের লাইসেন্স নবায়ন ফি বাড়ানোর বিষয়ে নির্মাণ বিভাগ হতে জানা যায় যে, CPTU এর Standard Application form for Enlistment এর Guide line নং ১৩ এর নির্দেশনা অনুযায়ী ঠিকাদারী লাইসেন্স নবায়ন ফি ২,০০০/- টাকা ও নতুন লাইসেন্স ফি ৫,০০০/- টাকা ধার্য করা আছে। উক্ত লাইসেন্স ফি বাড়ালে আইনগত সমস্যার সম্মুখীন হতে হবে বিধায় বাড়ানোর কোন সুযোগ নেই। |

| | | |
|---|---|---|
| ৩ | নিরাপত্তার ক্ষেত্রে অপ্রয়োজনীয় আনসার কমিয়ে ব্যয় কমাতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানা যায়, কৃষি ভবনে আনসারের সংখ্যা ১১(এগার)জন হতে ৪ (চার) জনে নামিয়ে আনা হয়েছে।<br>সার ব্যবস্থাপনা বিভাগ হতে জানা যায় বিভাগের আওতাধীন অধিকাংশ গুদামের সীমানা প্রাচীর ভাংগা। তাছাড়া অধিকাংশ গুদামে নিরাপত্তা প্রহরী নেই। সরকারী মূল্যবান সম্পদ রক্ষার্থে ও নিরাপত্তার স্বার্থে বর্তমানে নিয়োগকৃত আনসার কমানোর সুযোগ নেই।<br>ক্ষুদ্রসেচ বিভাগ জানায় যে, ক্ষুদ্রসেচ বিভাগের রিজিয়ন দপ্তরসমূহে জনবল শূণ্য ও গুদামের ইন্জিন, পাইপ, মটর সেচযন্ত্রসহ গুরুত্বপূর্ণ মালামাল, অফিস ভবন ও স্থাপনাসমূহ পাহাড়া ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত্বে আনসার নিয়োগ করা হয়েছে। আনসার বাহিনীর ক্ষুদ্রতম টিম দ্বারা নিরাপত্তা বিধান ও সংরক্ষণ করা হচ্ছে। |

**আলোচ্যসূচি-১.৩: ২০১৭-২০১৮ অর্থ বছরে সংশোধিত বাজেটের আলোকে নিজস্ব আয় প্রাপ্তির অগ্রগতি ও ব্যয় পর্যালোচনা।**

মহাব্যবস্থাপক (অর্থ) সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে সংশোধিত বাজেটের আলোকে মোট সম্ভাব্য আয় ১৫২৪.১৭ লক্ষ টাকা এবং মোট সম্ভাব্য ব্যয় ৪২১৩.২৯ লক্ষ টাকা। মার্চ, ২০১৮ পর্যন্ত সংস্থার নিজস্ব আয় হয়েছে ১৮৩৪.৯৫ লক্ষ টাকা এবং ব্যয় হয়েছে ১৭৩৬.৮৯ লক্ষ টাকা।

(ক) সংস্থার নিজস্ব আয়ের বিবরণ নিম্নরূপ:

(লক্ষ টাকা)

| ক্র: নং | আয়ের খাত (প্রধান খাতসমূহ) | ২০১৭-১৮ অর্থবছরে সম্ভাব্য আয়ের লক্ষ্যমাত্রা | মার্চ, ২০১৮ পর্যন্ত প্রাপ্ত আয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ক্ষুদ্রসেচ উইং | ৭৭০.৭২ | ৮১৩.৫৫ | |
| ২ | সার ব্যবস্থাপনা উইং | ৫০২.২৬ | ১৮৫.৭৪ | |
| ৩ | বীজ ও উদ্যান উইং | ০.০০ | ১০২.০০ | |
| ৪ | অর্থ উইং | ২৪০.০০ | ৩০৮.০২ | |
| ৫ | প্রশাসন উইং | ১১.১৯ | ৬৫.৬৪ | |
| ৬ | বাড়ী ভাড়া কর্তন থেকে প্রাপ্ত আয় | - | ৩৬০.০০ | |
| | মোট= | ১৫২৪.১৭ | ১৮৩৪.৯৫ | |

(খ) চলতি অর্থ বছরের ব্যয় বিবরণ নিম্নরূপ:

(লক্ষ টাকা)

| ক্র: নং | আয়ের খাত (প্রধান খাতসমূহ) | ২০১৭-১৮ অর্থবছরে সম্ভাব্য ব্যয়ের লক্ষ্যমাত্রা | মার্চ, ২০১৮ পর্যন্ত ব্যয় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ক্ষুদ্রসেচ উইং | ১৪৭৪.৪৯ | ৪৪৭.৪০ | |
| ২ | সার ব্যবস্থাপনা উইং | ১০২৮.৪০ | ৩৭৫.০৯ | |
| ৩ | বীজ ও উদ্যান উইং | ২৫.৬৪ | ৯.০২ | |
| ৪ | অর্থ উইং | ৬০৫.৫৬ | ৩৯৬.৫২ | |
| ৫ | প্রশাসন উইং | ৭২০.২০ | ৫০৮.৮৬ | |
| ৬ | মূলধন জাতীয় ব্যয় | ৩৫৯.০০ | - | |
| | মোট= | ৪২১৩.২৯ | ১৭৩৬.৮৯ | |

মহাব্যবস্থাপক (অর্থ) সভাকে অবহিতপূর্বক জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য আয় ১৫২৪.১৭ লক্ষ টাকা হলেও মার্চ, ২০১৮ পর্যন্ত ১৮৩৪.৯৫ লক্ষ টাকা সংস্থায় প্রাপ্তি হয়েছে এবং একই সময়ের মধ্যে ১৭৩৬.৮৯ লক্ষ টাকা সংস্থার ব্যয় নির্বাহ করা হয়েছে। কিন্তু চলতি অর্থ বছরের সংশোধিত বাজেটের আওতায় সম্ভাব্য ব্যয় (মূলধন জাতীয় ব্যয়সহ) ৪২১৩.২৯ লক্ষ টাকার বিপরীতে প্রকৃত প্রাপ্তি সমন্বয়পূর্বক ঘাটতিকৃত ২৩৭৮.৩৪ লক্ষ টাকা কিভাবে সংস্থান করা যাবে এ বিষয়ে সভাকে অবহিত করা হয়। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় ঘাটতিকৃত টাকা সংস্থানের বিষয়ে সভায় উপস্থিত বিভিন্ন বিভাগীয় প্রধানদের বিস্তারিত আলোচনা করার জন্য বলেন। আলোচনার এক পর্যায়ে যুগ্মসচিব (নিওক) তার দপ্তর কর্তৃক আয়কৃত ৫০.০০ লক্ষ টাকা সংস্থার প্রাপ্তি খাতে প্রদান করবেন বলে জানান। এছাড়া ক্ষুদ্রসেচ উইং থেকে আরও ১৫০.০০ লক্ষ টাকা সংস্থার বিবিধ প্রাপ্তি খাতে জমা প্রদানের নিশ্চয়তা প্রদান করেন। বীজ ও উদ্যান উইং এর নিজস্ব আয় হতে বিশেষকরে বীজ ক্রয়ের নিমিত্তে পরিচালিত সঞ্চিতি হিসাব থেকে প্রাপ্ত সুদ বাবদ আয়ের টাকা ও গ্রেডিং চার্জ বাবদ প্রাপ্ত টাকা সংস্থার বিবিধ প্রাপ্তি খাতে জমা প্রদান করে অবশিষ্ট ঘাটতিকৃত টাকা পুরণ করা যায় কিনা এ বিষয়ে সভাপতি মহোদয় কর্তৃক সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি নিজেদের আলোচনা সাপেক্ষে পরবর্তীতে জানাবেন বলে সভাকে অবহিত করেন।

মহাব্যবস্থাপক (অর্থ) বলেন যে, চলতি অর্থবছরে সংশোধিত বাজেটে সরকার থেকে সরববাহ ও সেবা খাত এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে টাকা পাওয়ার সম্ভাবনা থাকলেও শেষ পর্যন্ত তা পাওয়া যায়নি । এছাড়া সংস্থার বিবিধ প্রাপ্তি আয়ও আশংকাজনকহারে কমে গেছে। এমতাবস্থায় চলতি বছরে সংস্থার জরুরী খরচ নির্বাহের বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে। সভায় সংস্থার বিবিধ আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের বিষয়ে বিভিন্নজন মতামত প্রদান করেন। সভাপতি মহোদয় ব্যয় সংকোচনের নিমিত্তে সংস্থার নিরাপত্তা কাজে নিয়োজিত আনসারের পরিবর্তে out sourcing এর মাধ্যমে নিরাপত্তাকর্মী নিয়োগের বিষয়টি আলোচনায় আনেন। এ প্রেক্ষিতে যুগ্মসচিব (সা:প:) জানান যে, আনসার কর্মীদের চেয়ে out sourcing এর মাধ্যামে নিরাপত্তাকর্মী নিয়োগ করা বেশী ব্যয়বহুল হবে। এসময় সভাপতি মহোদয় যুগ্মসচিব (সা:প:) কে out sourcing এর মাধ্যমে নিরাপত্তাকর্মী নিয়োগকরা আছে এ ধরনের ২/৩ টা অফিস যাচাইপূর্বক তথ্য প্রদানের জন্য বলেন। প্রধান প্রকৌশলী (সংরক্ষণ ও কারখানা) মতামত দেন যে, ব্যয় সংকোচনকল্পে সংস্থায় নিরাপত্তাকর্মী আনসার নিয়োগ সীমিত করে পরবর্তীতে সংস্থার নতুন প্রকল্পগুলোর ডিপিপিতে security service খাতের সংস্থান রেখে সে মোতাবেক সংশ্লিষ্ট প্রকল্পগুলোতে নিরাপত্তাকর্মী/আনসার নিয়োগ করা যায় কিনা। এ বিষয়ে সভাপতি মহোদয় সম্মতিজ্ঞাপন করেন এবং সংশ্লিষ্টদের পরবর্তীতে যথাযথ কার্যব্যবস্থা নিতে নির্দেশনা দেন। প্রধান প্রকৌশলী (সওকা) হিসাব নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, সংস্থার কর্মকর্তা/কর্মচারীগনের চুড়ান্ত পাওনা থেকে কর্তনকৃত টাকা সংস্থার বিবিধ আয় হিসেবে দেখানো যায় কিনা। জবাবে হিসাব নিয়ন্ত্রক বলেন যে কর্তনকৃত টাকার সামান্য অংশ সংস্থার আয় হিসেবে দেখানো গেলেও অধিকাংশ ক্ষেত্রেই তা দেখানো যায় না। কারণ অডিট আপত্তিজনিত কর্তনকৃত টাকা সঞ্চিতি হিসাবে রেখে দিতে হয়। পরবর্তীতে অডিট আপত্তি নিষ্পত্তি হলে তা ফেরত দিতে হয়। সংস্থার আয় বৃদ্ধিকল্পে যুগ্মসচিব (সা:প:) প্রস্তাবনার আলোকে বলেন যে, সংস্থার সদর দপ্তরসহ বিভিন্ন মাঠপর্যারের অফিসসমুহের গাড়ীগুলো মেরামতের জন্য প্রতি জেলায় ও সদর দপ্তরে তালিকাভূক্ত মেরামতকারী প্রতিষ্ঠান (ওয়ার্কসপ) প্রথা চালু করলে সংশ্লিষ্ট ওয়ার্কসপসমুহ হতে বছরে প্রায় ৩.০০ লক্ষ টাকা আয় করা সম্ভব হবে। এতে সভাপতি মহোদয় সম্মতিজ্ঞাপন করেন এবং এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্মসচিব (সা:প:) কে নির্দেশনা প্রদান করেন। সবশেষে সভাপতি মহোদয় চলতি অর্থ বছরের ঘাটতিকৃত টাকা কিভাবে সংস্থান করা যায় তা নিরসনকল্পে পূর্ববর্তী সভার আলোকে সদস্য পরিচালক (অর্থ) মহোদয়কে প্রধান করে গঠিত কমিটিকে সংস্থার বীজ উইং এর সাথে বৈঠক করে আয়ের খাতগুলো যথাযথ চিহ্নিতকরণপূর্বক একটি প্রতিবেদন চেয়ারম্যান, বিএডিসি বরাবর পেশ করার জন্য পরামর্শ দেন।

**আলোচ্যসূচি-১.৪: কর্মক্ষেত্রের হার অনুযায়ী বাড়িভাড়া ভাতা প্রাপ্তি সংক্রান্ত :**

মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরের বিপরীতে বিভিন্ন প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীগণের বেতন-ভাতা প্রদান করা হয়। সংস্থাপন বিভাগ কর্তৃক জানা যায় যে, ঢাকাসহ বিভাগীয় পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে সারাদেশের বিভিন্ন দপ্তরের পদের বিপরীতে বেতন-ভাতা প্রদান করায় তারা বাড়িভাড়া ভাতা কম হারে পাচ্ছেন এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন মর্মে বিভিন্ন সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ আবেদন করেছে। প্রাপ্ত তথ্য মতে দেখা যায় যে, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় কর্তৃক স্মারক নং - ১৮২ তারিখ ৩০মে, ২০১৭ মোতাবেক বাড়ি ভাড়া ভাতা প্রাপ্যতা সংক্রান্ত মতামত দেয়া হয়। তাতে (ক) সংশ্লিষ্ট কর্মচারী স্বয়ং যে স্থানে অবস্থান করেন, সে অবস্থান অনুযায়ী তাকে বাড়িভাড়া ভাতা প্রদান করতে হবে। (খ) Actual place of residence বাড়ি বলতে সংশ্লিষ্ট কর্মচারী যে স্থানে স্বয়ং অবস্থান করেন তাই বুঝাবে।

প্রাপ্ত মতামত অনুযায়ী ২৪ জুন, ২০১৫ তারিখের বাজেট ব্যবস্থাপনা কমিটির আলোচ্যসূচি –"খ" এর সিদ্ধান্ত 'সাংগঠনিক কাঠামো অনুযায়ী নিজ কর্মস্থল হতে মূলপদের হারে বেতন-ভাতা গ্রহণ' এর আংশিক সংশোধনপূর্বক সাংগঠনিক কাঠামো অনুযায়ী আযুক্ত/সংযুক্ত কর্মস্থলের হারে বেতন ও বাড়িভাড়া ভাতা প্রদানের বিষয়টি বিবেচনা করা হলে উপস্থিত সবাই একমত পোষণ করেন। চেয়ারম্যান মহোদয় এজি অফিসে গিয়ে এ সংক্রান্ত মতামতের স্মারকপত্রটি যাচাই বাছাই করার জন্য হিসাব নিয়ন্ত্রককে নির্দেশনা দেন।

**আলোচ্যসূচি-১.৫: ২০১৭-১৮ অর্থবছরে বিএডিসি'র প্রধান কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা অর্জনের দ্বিতীয় প্রান্তিকের (জুলাই/১৭-ডিসেম্বর/১৭) অগ্রগতি পর্যালোচনা।**

কার্যক্রমসমূহ ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা লক্ষ্যমাত্রার বিপরীতে জুলাই/২০১৭ হতে ডিসেম্বর/১৭ পর্যন্ত অর্জন:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | ২০১৬-১৭ | | ২০১৭-১৮ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে জুলাই/ ২০১৬ হতে জুন/২০১৭ পর্যন্ত অর্জন | লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে জুলাই/ ২০১৭ হতে ডিসেম্বর/১৭ পর্যন্ত অর্জন |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৭ | ০৮ | ০৯ | ১০ |
| ০১. উদ্ভাবিত জাত ও প্রযুক্তি চাষী পর্যায়ে পৌছানোর জন্য প্রশিক্ষণ প্রদান, প্রকাশনা এবং প্রদর্শনী/ মেলা/ র‍্যালি/ সেমিনার/ কর্মশালার আয়োজন। | প্রশিক্ষণার্থী | ১ | সংখ্যা (হাজার) | ২৮ | ১৩ | ১৫.৮৫২ | ১২ |
| | সেমিনার/ ওয়ার্কশপ | | সংখ্যা | ১১ | ১২ | ৮ | ৫ |
| ০২. ভূপরিস্থ পানির ব্যবহার উৎসাহিত করার জন্য ক্ষুদ্রসেচ কার্যক্রম সম্প্রসারণ, জলাবদ্ধতা ও জলমগ্নতা দূরীকরণের মাধ্যমে আবাদি জমির আওতা বৃদ্ধি। | সম্প্রসারিত সেচ এলাকা | | লক্ষ হেক্টর | ০.৩০ | ০.৩০ | ০.২০৬ | ০.০২ |
| | সেচকৃত এলাকা | | হেক্টর (লক্ষ) | ৫.২৪ | ৫.২৪ | ৫.৪৩ | ১.২৪ |
| | খালনালা পুনঃখনন | | কি.মি. | ৮৫০ | ২৭৬ | ১৫৩ | ৭৬ |
| | সেচ অবকাঠামো নির্মাণ | | সংখ্যা | ৬৫০ | ৪৮৮ | ৩২৯ | ৯৬ |
| ০৩. সেচ যন্ত্রপাতি সংগ্রহ এবং সহজলভ্যতা বৃদ্ধি। | সেচ যন্ত্রপাতি বিতরণ | | সংখ্যা (হাজার) | ০.৫০ | ৭৭১ | ০.৬৫০ | ০.৫০ |
| | রাবার ড্যাম নির্মাণ | | সংখ্যা | ৫ | ৩ | ৩ | ২ |
| | ভূ-পরিস্থ ও ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণ | | কি.মি | ৮০০ | ৬৩৭ | ১৩৯ | ৮৫ |
| ০৪. নির্ধারিত মূল্যে সার ও অন্যান্য কৃষি উপকরণের সরবরাহ নিশ্চিতকরণ। | নন ইউরিয়া সার বিতরণ | ২ | লক্ষ মে: টন | ১৪ | ৯.৯৪ | ১১.১০ | ৫.১৮ |
| | টিএসপি সার বিতরণ | | লক্ষ মে: টন | ৪.১২ | ৩.৬১ | ৩.০০ | ১.৫১ |
| | ডিএপি সার বিতরন | | লক্ষ মে: টন | ১.২৫ | ১.৭১ | ১.২৫ | ১.৫২ |
| | এমওপি সার বিতরন | | লক্ষ মে: টন | ৪.৭৫ | ৪.৬২ | ৪.৭৫ | ২.১৫ |
| ০৫. ব্রিডার ভিত্তি, প্রত্যাশিত ও মানঘোষিত (truthfull level) বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ ও বিতরণ। | বীজ উৎপাদন ও বিতরণ | | লক্ষ মে: টন | ১.৬৪ | ১.২৪ | ১.২৬ | ১.০৩৪৭ |
| | ভিত্তি বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | ১৬.৪৩ | ১৫.৪৬ | ১৬.৯৭ | ১.৮৫৭ |
| | প্রত্যায়িত বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | ৪১.৭২ | ৭৪.০০ | ৬৩.৪৫১ | ০.৯৫৮ |
| | মান ঘোষিত বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | ৮০.০৬ | ৩৭.৭১ | ৪৫.৫৭৯ | ০.১৭৬ |
| | ভিত্তি বীজ বিতরন | | মে: টন (হাজার) | ১৬.৪৩ | ১১.৫৬ | ১৬.৯৭ | ৭.১৫০৬ |
| | প্রত্যায়িত বীজ বিতরন | | মে: টন (হাজার) | ৪১.৭২ | ৬৩.০০ | ৬৩.৪৫১ | ৫৬.৫৭৮৬ |
| | মান ঘোষিত বীজ বিতরন | | মে: টন (হাজার) | ৮০.০৬ | ৪৯.৭৫ | ৪৫.৫৭৯ | ৩৯.৭৪৪৪ |
| | চারা উৎপাদন | | সংখ্যা (লক্ষ) | ১১৬.৭৫ | ১০৫.৯৯ | ৮৩.০৭ | ৪৪.৪১৯৫ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | চারা বিতরণ | | সংখ্যা (লক্ষ) | ১১৬.৭৫ | ১০০.৩১ | ৮৩.০৭ | ৪৪.৪০৯ |
| | শাক,সবজি ও ফল উৎপাদন | | মে:টন (লক্ষ) | ৪.২৬ | ২.০৬ | ১.০০ | ০.৪৮২৭ |
| | শাক,সবজি ও ফল বিতরণ | | মে:টন (লক্ষ) | ৪.২৬ | ২.০১ | ১.০০ | ০.৪৮১২ |
| ০৬. বৈরী পরিবেশে অভিযোজন সক্ষম (লবনাক্ততা, খরা এবং জলমগ্নতা সহিষ্ণু) ধান,গম ও অন্যান্য ফসলের ব্রিডার, ভিত্তি ও মানঘোষিত (.Truthfully Labeled.) বীজ উৎপাদন, প্রত্যয়ন ও বিতরণ। | বীজ উৎপাদন ও বিতরণ | | মে: টন (হাজার) | ৫.৫০ | ৬.৮০ | ৯.০০ | ৪.৬৮৫৪ |
| | প্রতিকূলতা সহনশীল জাতের বীজ উৎপাদন | | মে: টন (হাজার) | ৫.৫০ | ৯.৮০ | ৯.০০ | ০.২৭৯ |
| | প্রতিকূলতা সহনশীল জাতের বীজ বিতরণ | | মে: টন (হাজার) | ৫.৫০ | ৬.৮০ | ৯.০০ | ৪.৬৮৫৪ |
| ০৭. বীজ উৎপাদন ও উন্নয়নের বেসরকারী খাতের অংশগ্রহণ উৎসাহিতকরণ সভা সেমিনার, মেলার আয়োজন ও প্রযুক্তি বিনিময়। | সভা/ সেমিনার আয়োজন। | | সংখ্যা | ৪৫ | ৩৫ | ৮ | ৫ |

এ সংক্রান্ত আলোচনায় APA রিপোর্টে অগ্রগতির তথ্য আরো সঠিকভাবে তুলে ধরার জন্য APA রিপোর্টকারী কর্মকর্তাকে নির্দেশনা দেন।

**আলোচ্যসূচি-১.৬:**

বিবিধ আলোচনায় প্রধান প্রকৌশলী (সওকা) জানান যে, অর্থ সংকটের কারনে মাঠ পর্যায়ে বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীদের ভ্রমন ভাতা বিল পরিশোধ করা যাচ্ছে না, যা সংস্থার স্বাভাবিক কর্মকান্ডে ব্যাঘাত সৃষ্টি করছে। এছাড়া মাঠপর্যায়ে বিভিন্ন এলাকায় বিদ্যুতের মিটারের পরিবর্তে প্রিপেইড কার্ড সিস্টেম চালু হয়েছে। এমতাবস্থায় সময়মত বিদ্যুৎ বিলের টাকার সংস্থান করা না হলে সংশ্লিষ্ট এলাকার সেচযন্ত্রসমূহ বন্ধ হয়ে যাবে এবং একই সাথে সংশ্লিষ্ট অফিসসমূহের স্বাভাবিক কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হবে এবং রাত্রে অন্ধকারময় হয়ে থাকবে, যা চরম বিপর্যয়ের কারণ হয়ে দাড়াতে পারে। একই সাথে সংস্থার ভাবমূর্তিও ক্ষুন্ন হবে।

**০২। সিদ্ধান্তসমূহ:**

সভায় বিস্তারিত আলোচনা ক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২.১ চলতি অর্থবছরে ঘাটতিকৃত টাকা সংস্থান করার নিমিত্তে পূর্ববর্তী সভার আলোকে সদস্য পরিচালক (অর্থ) মহোদয়কে প্রধান করে গঠিত কমিটিকে সংস্থার বীজ উইং এর সাথে বৈঠক করে আয়ের খাতগুলো যথাযথ চিহ্নিতকরনপূর্বক একটি প্রতিবেদন চেয়ারম্যান, বিএডিসি বরাবর পেশ করবেন।

২.২ সংস্থার আয় বাড়ানোর জন্য সাধারণ পরিচর্যা বিভাগ কর্তৃক মেরামতকারী প্রতিষ্ঠানসমূহকে সংস্থার তলিকাভুক্তি (Enlistment) করণের ব্যবস্থা গ্রহণ করবেন।

২.৩ জারীকৃত সরকারি সার্কুলারের আলোকে কর্মকর্তা/কর্মচারীগণ আযুক্ত/সংযুক্ত কর্মস্থলের হারে বাড়িভাড়া ভাতা প্রাপ্ত হবেন এবং সংস্থার সাংগঠনিক কাঠামো অনুযায়ী মূলপদ হতে বেতনভাতা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

১৬।০৪।১৮

(মো: নাসিরুজ্জামান)
চেয়ারম্যান
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৬৪৩২৮
e-mail: chairman@badc.gov.bd